সমকাল

তারিখ ... 21 MAY 2016 ...
পৃ. ... কলাম ...

# ঝুঁকিপূর্ণ ভবনে পাঠদান আতঙ্কে শিক্ষার্থীরা

■ মাদারগঞ্জ (জামালপুর) প্রতিনিধি

সংস্কারের অভাবে জামালপুরের মাদারগঞ্জের বালিজুড়ী আরএ সরকারি প্রাথমিক বিদ্যালয়ের ভবনটি ঝুঁকিপূর্ণ হয়ে পড়েছে। এর মধ্যেই চলছে পাঠদান। যে কোনো সময় এটি ধসে পড়ার আতঙ্কে আছেন শিক্ষক ও শিক্ষার্থীরা।

মাদারগঞ্জ উপজেলা প্রাথমিক শিক্ষা কার্যালয় সূত্রে জানা যায়, বিদ্যালয়টি মাদারগঞ্জের বালিজুড়ী বাজার আবাসিক এলাকায় ১৯৬৮ সালে ৫০ শতাংশ জমির ওপর স্থাপিত হয়। তখন ছয় কক্ষের টিনের চালার একটি আধা পাকা ঘর নির্মাণ করা হয়। কিন্তু নির্মাণের পর ৪৬ বছর পেরিয়ে গেলেও ঘরটির কোনো সংস্কার করা হয়নি। বিদ্যালয় সূত্রে জানা যায়, টিনের ঘরটি পুরনো হয়ে যাওয়ায় ২০০৩-০৪ অর্থবছরে শিক্ষা অধিদপ্তরের অর্থায়নে ৪ লাখ ৩২ হাজার টাকা ব্যয়ে দুই কক্ষবিশিষ্ট একতলা একটি ভবন নির্মাণ করা হয়। কিন্তু বছর না ঘুরতেই নতুন ওই ভবনটির দক্ষিণ পাশ দেবে যায়। মেঝে, দেয়াল, ছাদ আর প্রতিটি বিমে ফাটলও ধরে। তখন থেকেই ওই ভবনে পাঠদান বন্ধ রাখা হয়। এখন আগের আধা পাকা ঘরটিতেই পাঠদান চলছে। বর্তমানে বিদ্যালয়ের শিক্ষার্থীর সংখ্যা ২১৪ জন। সরেজমিনে দেখা যায়, ঘরটির টিনের চালার অনেক জায়গা ফুটো হয়ে গেছে। দরজা-জানালার অধিকাংশই ভাঙা। পঞ্চম শ্রেণীর ছাত্রী ফাতেমা জানায়, বৃষ্টি হলে শ্রেণীকক্ষে পানি ঢোকে। একটু বাতাস হলেই মনে হয় চালটি ভেঙে পড়বে। বিদ্যালয়ের প্রধান শিক্ষক মাহীনুর বেগম সমকালকে বলেন, ঝুঁকিপূর্ণ ভবনেই প্রতিনিয়ত শিক্ষার্থীদের পাঠদান করাতে হচ্ছে। বিদ্যালয়ের শ্রেণীকক্ষের সংকটসহ আরও সমস্যা আছে। এক অভিভাবক জানান, বিদ্যালয়ের ঘর ও ভবন দুটিই ঝুঁকিপূর্ণ হয়ে পড়লেও তা সংস্কারের ব্যাপারে কর্তৃপক্ষ কোনো উদ্যোগ নিচ্ছে না। ফলে ভবনধসের আশঙ্কায় তাঁর ছেলেকে অন্য বিদ্যালয়ে ভর্তি করে দিয়েছেন।

**বালিজুড়ী আরএ সরকারি প্রাথমিক বিদ্যালয়**

# সাভারে ৪ হাজার পিস ইয়াবাসহ মাদক ব্যবসায়ী গ্রেফতার

■ নিজস্ব প্রতিবেদক, *সাভার*

সাভারে চার হাজার পিস ইয়াবাসহ এক মাদক ব্যবসায়ীকে গ্রেফতার করেছে গোয়েন্দা পুলিশ। গোপন সংবাদের ভিত্তিতে গতকাল শুক্রবার দুপুরে সাভার বাসস্ট্যান্ড এলাকার সিটি সেন্টারের সামনে থেকে তাকে গ্রেফতার করা হয়। এ সময় তার সঙ্গে থাকা ব্যাগ তল্লাশি করে ইয়াবাগুলো উদ্ধার করা হয়। গ্রেফতারকৃত মাদক ব্যবসায়ী নিজের নাম আবুল কালাম বলে জানায়। সে রাজশাহী জেলার গোদাগাড়ী থানার বাসিন্দা বলে পুলিশকে জানায়।